দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL ৭ ... 1999 ...
পৃষ্ঠা 8 কলাম 7......

74

## সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের নূতন বিজ্ঞপ্তি প্রসঙ্গে

গত ১৬/৬/৯৯ এবং ১/৭/৯৯ তারিখে যথাক্রমে দৈনিক ইত্তেফাক ও দৈনিক জনকণ্ঠ পত্রিকায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে। মাত্র কিছুদিন পূর্বে সহকারী শিক্ষক নিয়োগ সম্পর্কিত কার্যক্রম একদফা শেষ করা হইয়াছে। তাহার পর এক মাসও যাইতে না যাইতে পুনরায় শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি অনেককে বিস্মিত করিয়াছে। এবং অনেক প্রশ্নের জন্ম দিয়াছে। পূর্বে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে আর একজনও সহকারী শিক্ষক হইবার যোগ্য প্রার্থী ছিল না ইহা বিশ্বাস্য নয়। আমরা মনে করি লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে যাহাদের নিয়োগ দেওয়া হয় নাই তাহাদের সকলে না হইলেও অনেকেই যোগ্য। তাহাদের মধ্য হইতে মেধানুসারে বিদ্যমান শূন্যপদগুলিতে নিয়োগ দান করিলে একদিকে যেমন নূতন নিয়োগ প্রক্রিয়া চালাইবার খরচ বাবদ যে লক্ষ লক্ষ টাকা ব্যয় বাঁচিয়া যাইবে, অন্যদিকে অনেক প্রার্থী চাকুরী লাভ করিবে, বিশেষ করিয়া যাহাদের চাকুরীর বয়স পার হইয়া যাইতেছে তাহারা।

বিষয়টি সদয় বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করিতেছি।

আঃ হক,
ছমিলগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।